Zoom Meeting

উপজেলা পরিষদ
ঘিওর, মানিকগঞ্জ।

উপজেলা পরিষদের আগস্ট/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ হাবিবুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঘিওর, মানিকগঞ্জ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।
সভার তারিখ ও সময় ঃ ৩১.০৮.২০২১, সকাল ঃ ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা হাজিরার ক্রমানুসারে পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে উপজেলা পরিষদের মাসিক সভায় স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ঘিওর, মানিকগঞ্জকে অনুরোধ করেন। সভায় বিগত ২৯/০৭/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

| নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **প্রাণি সম্পদ বিভাগ ঃ**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, এ উপজেলায় গরু, মহিষ, ছাগল-ভেড়াকে এফ এম ডি টিকা (জ্বরা রোগের জন্য) প্রতিষেধক হিসেবে বিনামূল্যে বাড়ী বাড়ী গিয়ে দেওয়া হচ্ছে। সরকারী এই গুরুত্বপূর্ণ কাজে তিনি ইউপি চেয়ারম্যানগণের সার্বিক সহযোগিতা কামনা করেন। ঔষধের ফার্মেসী থেকে রেজিষ্টার্ড ডাক্তারের প্রেসক্রিপশন ছাড়া ষ্টেরয়েড জাতীয় ঔষধ না কেনার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি সভাকে জানান যে, বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে চলমান রয়েছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ০২ | **কৃষি বিভাগ ঃ**<br>উপজেলা কৃষি কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ জানান যে, খরিপ-১ মৌসুমের বিভিন্ন ফসলের কর্তন কাজ চলমান হয়েছে। ফলন আশানুরুপ হয়েছে। সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক। বিভাগীয় অন্যান্য কাজ সুষ্টুভাবে চলমান রয়েছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ৩ | ১। উপজেলা প্রকৌশলী, ঘিওর, মানিকগঞ্জ সভায় জানান যে, সাম্প্রতিক অতিবৃষ্টির কারণে বাংগালা বাজার সংলগ্ন নাটু মিয়ার বাড়ী হতে তরিকুলের বাড়ী পর্যন্ত ইউপি রাস্তা ব্যাপক ক্ষতিগ্রস্থ হয়েছে এবং জনসাধারণের চলাচলের অনুপযোগী হওয়ায় তা মেরামতের জন্য পয়লা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবেদন করেছেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১। জনস্বার্থ বিবেচনায় বাংগালা বাজার সংলগ্ন নাটু মিয়ার বাড়ী হতে তরিকুলের বাড়ী পর্যন্ত ইউপি রাস্তা ১.০০ (এক লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প কমিটির মাধ্যমে মেরামতের সিদ্ধান্ত - সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ঘিওর, মানিকগঞ্জ। |
| ০৪ | **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে কাবিটা সাধারণ (১ম পর্যায়) ১৮,৮০,৫৬১.৯১ টাকা নগদ অর্থ পাওয়া গিয়েছিল যার প্রকল্প সংখ্যা ০৯টি এবং অগ্রগতি ১০০%। কাবিটা সাধারণ (২য় পর্যায়) ১৩,৮১,৪৩৭.৪৬ পাওয়া গিয়েছে যার প্রকল্প সংখ্যা ০৭টি এবং অগ্রগতি ১০০%। কাবিটা সাধারণ (৩য় পর্যায়) ২৮,২০৮৪১.৮২ টাকা নগদ পাওয়া গিয়েছে। যার প্রকল্প সংখ্যা ১২ টি এবং কাজের অগ্রগতি ১০০%। টি আর ( ১ম পর্যায়) ১০,৫১,৫৯২.৯৫ টাকা পাওয়া গেছে, প্রকল্প সংখ্যা ১4টি এবং অগ্রগতি ১০০%। টি আর ২য় পর্যায়ে ১০,৫১,৫৯২.৯৫ টাকা পাওয়া গিয়েছে। প্রকল্প সংখ্যা ১৬ টি। কাজের অগ্রগতি ১০০%। টি আর ৩য় পর্যায়ে ১৫,৭৭,৩৮৯.৪৩ পাওয়া গিয়েছে। প্রকল্প সংখ্যা ১৯ টি, কাজের অগ্রগতি ১০০%। টি আর ৪র্থ পর্যায়ে ১২,৩৮২৪২.০০ টাকা পাওয়া গিয়েছে। প্রকল্প সংখ্যা ১৭ টি, কাজের অগ্রগতি ৮৫%। ইজিপিপি ( অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থার কর্মসূচি প্রকল্প ২য় পর্যায়) এর ৭৮৯ টি জব কার্ড (২য় পর্যায়) বরাদ্দ পাওয়া গেছে, প্রকল্প সংখ্যা ৩০টি যার গড় অগ্রগতি ১০০%। এছাড়া দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ঢাকা হতে শীত বস্ত্র ক্রয়ের জন্য ৬,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। ৬,০০০০০ /- টাকার মধ্যে ৫,০০০০০ /- টাকার শীত বস্ত্র ক্রয় করে তার বিতরণ কাজ সমাপ্ত করা হয়েছে। ১,০০০০০/- টাকা জমা আছে। জি আর (মানবিক সহায়তা) এর ১,৫০,০০০ /- টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত টাকা থেকে গো-মালিকদের ১২ কেজি হারে ১,০০০০০/- টাকার ভূষি প্রদান করা হয়েছে। বাকী ৫০,০০০/- টাকা জমা আছে। জি আর ক্যাশ ২১,৯০,০০০ টাকার মধ্যে | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।<br><br>২।কোভিড-১৯ সংক্রান্ত জরুরি খাদ্য সহায়তা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | | | |
| ৪ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে কাবিটাা সাধারণ (১ম পর্যায়) ১৮,৮০,৫৬১.৯১ টাকা নগদ অর্থ পাওয়া গিয়েছিল যার প্রকল্প সংখ্যা ০৯ টি, সকল ইউপি কার্যালয় হতে প্রকল্প তালিকা পাওয়া গেছে, যার অগ্রগতি ১০০%। কাবিটা সাধারণ (২য় পর্যায়) ১৩,৮১,৪৩৭.৪৬ পাওয়া গিয়েছে যার প্রকল্প সংখ্যা ০৭টি যার অগ্রগতি ৯০%। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নিকট থেকে প্রকল্প পাওয়া গেছে। প্রকল্পগুলো অনুমোদনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরন করা হয়েছে। কাবিটা সাধারণ (৩য় পর্যায়) ২৮,২০৮৪১.৮২ টাকা নগদ পাওয়া গিয়েছে। যার চূড়ান্ত অনুমোদনের জন্য উর্ধতণ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রদান করা হয়েছে। টি আর ( ১ম পর্যায়) ১০,৫১,৫৯২.৯৫ টাকা পাওয়া গেছে, প্রকল্প সংখ্যা ১৬টি,যার অগ্রগতি ৯০%। টি আর ২য় পার্যায়ে ১০,৫১,৫৯২.৯৫ টাকা পাওয়া গিয়েছে। প্রকল্প সংখ্যা ১৬ টি। কাজের অগ্রগতি ৫০%। ইজিপিপি ( অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থার কর্মসূচি) এর ৭৮৯ টি জব কার্ড (১ম পর্যায়) বরাদ্দ পাওয়া গেছে, যার গড় অগ্রগতি ৫০%। এছাড়া প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ৩১৫০ পিচ শীত বস্ত্র ( কম্বল) পাওয়া গিয়েছিল যার বিতরণ কাজ ১০০% সমাপ্ত করা হয়েছে। এছাড়া দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ঢাকা হতে শীত বস্ত্র ক্রয়ের জন্য ৬,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। ৬,০০০০০ /- টাকার মধ্যে ৫,০০০০০ /- টাকার শীত বস্ত্র ক্রয় করে তার বিতরণ কাজ সমাপ্ত করা হয়েছে। ১,০০০০০/- টাকা জমা আছে। জি আর (মানবিক সহায়তা) এর ১,৫০,০০০ /- টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত টাকা থেকে গো-মালিকদের ১২ কেজি হারে ১,০০০০০/- টাকার ভূষি প্রদান করা হয়েছে। বাকী ৫০,০০০/- টাকা জমা আছে। জি আর ক্যাশ ২১,২৫,০০০ টাকার মধ্যে ১৮,৪৩,০২০/- টাকা বিতরণ করা হয়েছে। অবশিষ্ট টাকা জি,আর হিসেবে জমা আছে। ঢেউ টিন ৫৫ বানের মধ্যে ৩৪ বান ১,০২,০০০ টাকা দিয়ে ক্রয় করে বিতরণ করা হয়েছে বাকী ৬৩,০০০/- টাকা জি,আর ক্যাশে জমা আছে। বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ০৫ | মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইন ক্লাস চালু আছে। করোনা ভাইরাস এর উর্ধ্বগতি থাকলে শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ক্লাস চালু করা সম্ভব হবে না। বিভাগীয় অন্যান্য সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | ১। বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ, ঘিওর , মানিকগঞ্জ। |
| ০৬ | সমাজসেবা বিভাগঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় উপকারভোগীদের নগদ ব্যাংকিং হিসেব খোলার কাজ ১০০ ভাগ সমাপ্ত করা হয়েছে। বিভাগীয় অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ০৭ | মৎস্য বিভাগ ঃ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, আধুনিক কলাকৌশল অবলম্বনে বায়োফ্লক পদ্ধতিতে মৎস্য চাষীদের প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। তিনি মৎস্য চাষীদের প্রশিক্ষণের জন্য উপজেলা রাজস্ব তহবিল / এডিপির অর্থ হতে ২,০০০০০/- টাকা বরাদ্দ প্রদানের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। বিভাগীয় কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিধি মোতাবেক প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ০৮ | মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, এ উপজেলায় ০৭টি ইউনিয়নে ১৪৯২ জন ভিজিডি উপকারভোগী আছে। উপকারভোগীদের এপ্রিল ২০২১ পর্যন্ত খাদ্য বিতরণ করা হয়েছে। এ উপজেলায় নতুন করে ৩১৫ জন মার্তত্বকালীন ভাতাভোগীর বরাদ্দ পাওয়া গেছে। ভিজিডি খাদ্য বিতরণ, মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচি, মহিলাদের আত্মকর্ম সংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচি সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। আইজিএ প্রকল্পের সেলাই ও বিউটিফিকেশনে ২৫ জন করে মোট ৫০ জনের প্রশিক্ষণ চলমান আছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ঘিওর,মানিকগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | স্বাস্থ্য বিভাগ ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, আজ পর্যন্ত মোট ১০৭৪ জনের কোভিড-১৯ এর নমুনা পরীক্ষার জন্য নমুনা পাঠানো হয়, তন্মধ্যে ১৯৪ জন করোনা পজেটিভ রোগী হিসেবে সনাক্ত হয়। পজেটিভ ১৯৪ জনই সুস্থ হয়ে স্বাভাবিক জীবনে ফিরে গেছেন। এ উপজেলার কোন ব্যক্তি করোনা ভাইরাসে মারা যায়নি । করোনা ভাইরাস প্রতিরোধে ৫,১৯০ জন লোক রেজিস্ট্রেশন করেছিলেন। ১ম পর্যায়ে ৪,২০১ জন টিকা গ্রহণ করেছেন। ২য় পর্যায়ে ২,৯৩৫ জন টিকা গ্রহণ করেছেন।। কোভিড-১৯ পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। সার্বক্ষণিক এ্যাম্বুলেন্স সার্ভিস চালু আছে। মেডিকেল রিপ্রেজেন্টিভদের অফিস চলাকালীন সময়ে হাসপাতালে প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। দালালমুক্ত পরিবেশে রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। তিনি কোভিড-১৯ থেকে সুরক্ষার জন্য সকলকে মাস্ক পরিধারণ করে ঘরের বাহিরে চলাফেরা করার জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি হাসপাতালে আবাসিক এলাকায় অবস্থিত পুকুরটি সংস্কারের প্রস্তাব করেন। ৪০ বছরের নিচের জনপ্রতিনিধিদের কোভিড-১৯ প্রতিরোধের ভ্যাকসিন প্রদানের জন্য রেজিস্ট্রেশন করা সম্ভব হচ্চে না। এবিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র পদান করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠ ও সুন্দর ভাবে চলছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে এবং দালালমুক্ত পরিবেশ নিশ্চিতকরণের অনুরোধ জানানো হয়।<br>২। বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ।<br>২। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ১০ | যুব উন্নয়ন অধিদপ্তর ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, চলতি অর্থ বছরে প্রশিক্ষণের লক্ষমাত্রা ৩৫০ জন, বিশেষ প্রশিক্ষণ ৫০ জন মোট ৪০০ জন।২০২০-২১ অর্থ বছরে অর্জন = ৪০০ জন। ( পুরুষ ১০৬, মহিলা ২৯৪) জন ক্রমপুঞ্জিত অর্জন ৬১৯৫ জন ( পুরুষ ৩৪১৫, মহিলা ২৭৮০) জন। আত্মকর্মঃ চলতি অর্থ বছরে আত্মকর্মের লক্ষমাত্রা ৮৪ জন। মার্চ ২০২১ অর্থ অর্জন ৫৬ জন। (পুরুষ ২৯, মহিলা ২৭) জন। ক্রমপুঞ্জিত অর্জন ৩৫৬৬ জন। আত্ম কর্মসংস্থান ঋণ কর্মসূচির লক্ষমাত্রা ৩৬,০০০০০ টাকা। তন্মধ্যে ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উপলক্ষে ঋণ বিতরণ করা হয়েছে ৬,৬০,০০০ টাকা। মোট বিতরণ করা হয়েছে ৩৫৯০,০০০ টাকা। উপকারভোগীর সংখ্যা ৬৭ জন। ( পুরুষ ৩৫, মহিলা ৩২) জন। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৩,৩৫,১১০০০/- টাকা। আদায়ের হার ৯৮%। পরিবারভিত্তিক কর্মসূচির আওতায় ২০২০-২১ অর্থ বছরে ১ম দফায় ঋণ বিতরণ নেই। মোট বিতরণ ৭,৮৪০০০/- টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৫,৭৯,৮৩,০০০/- টাকা। উপকারভোগীর সংখ্যা ৩৭৫৯ জন ( পুরুষ ২২৩৯ মহিলা ১৫২০) জন। আদায়ের হার ৯৯%। জোরদারকরণ প্রকল্পে মার্চ,২০২১ মাসে ঋণ বিতরণ করা হয়নি। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ২,০০,০০০ টাকা। আদায়ের হার ১০০%। | ১। বিতরণকৃত ঋণ ১০০% আদায় নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ঘিওর,মানিকগঞ্জ। |
| ১১ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ<br>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, ২০২০ -২১ অর্থ বছরের ৯১ টি গভীর নলকূপ স্থাপনের স্থান নির্বাচন প্রক্রিয়াধীন আছে। এছাড়া ১২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। অন্যান্য বিভাগীয় কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী ,জঃস্বাঃপ্রঃঅঃ ঘিওর ও সাটুরিয়া,মানিকগঞ্জ। |
| ১২ | পরিবার পরিকল্পনা বিভাগঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, এপ্রিল/২০২১ মাসে এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা ৩৬,৫৬৪ জন। সর্বমোট পদ্ধতি গ্রহীতা ২৯,৪৪৫ জন। গ্রহণকারীর হার ৮২.১৫%। সর্বমোট গর্ভবতী ৮০৯ জন। এছাড়া ৪৭২৪ টি খাবার বড়ি চক্র, ৮১৫০ টি কনডম ,৪৫৭ ডোজ ইনজেকশন, আইইডি ০৬, ইমপ্ল্যান্ট ২৩ এবং মহিলা স্থায়ী পদ্ধতি ১০ পুরুষ স্থায়ী পদ্ধতি ২০ জন। অন্যান্য বিভাগীয় কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ১৩ | সমবায় বিভাগ ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, মাইলাগী ও নিন্দাপাড়া ০২টি আশ্রয়ণ প্রকল্পে ১১,৬৮০০০/- টাকা ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ করা হয়েছে। তন্মধ্যে ৭,১৬,১১৬/- ঋণ আদায় করা হয়েছে। সার্ভিস চার্জের হিস্যানুযায়ী ৩০০৩৮/- টাকা প্রকল্প দপ্তরে সার্ভিস চার্জ হিসাবে প্রেরণ করা হয়েছে। করোনা ভাইরাসের কারনে চলতি মাসে কোন ঋণ আদায় করা সম্ভব হয়নি। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিআরডিবির ০৬টি প্রকল্পের মাধ্যমে ঋণ বিতরণ কার্যক্রম চলছে। ফেব্রুয়ারি/ ২০২১ মাসে ঋণ বিতরণ ৫৭.৪০ লক্ষ টাকা বছরে | ১।মাসিক ঋণ বিতরণ ও আদায় | ১। উপজেলা পল্লী -উন্নয়ন |

| | | | |
|---|---|---|---|
| | ...তরণ ২৮৭.৯৩ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৫৮৩৯.৫০ লক্ষ টাকা এবং মার্চ/২১ মাসে আদায় ৩৫.৯৭ লক্ষ টাকা, বছরে আদায় ২৬০.৫৬ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত আদায় ৫৪৮৩.০৪ লক্ষ টাকা। আদায়ের হার ৯৯%। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং প্রতিমাসে প্রতিবেদন দাখিল করতে হবে। | কর্মকর্তা,ঘিওর, মানিকগঞ্জ। |
| ১৫ | খাদ্য বিভাগ ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, খাদ্যের মজুদ পরিস্থিতি সন্তোষজনক। বিভাগীয় কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঘিওর, মানিকগঞ্জ |
| ১৬ | শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাসের কারণে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। অনলাইন ক্লাস পুনরায় চালু করা হবে। বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ১৭ | আনসার ও ভিডিপি দপ্তর ঃ<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, আনসারও ভিডিপি এর নতুন ভবনের কাজ শুরু করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ১৮ | আমার বাড়ি আমার খামার ঃ<br>উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার সভায় জানান যে, এপ্রির্ল/২১ মাসে সঞ্চয় ও ঋণ আদায় হয়েছে ৮২.৫০ লক্ষ টাকাসহ অর্থ বছরে মোট আদায় ৪৬৭.৫০ টাকা। চলতি অর্থ বছরে ঋণ বিতরণ হয়েছে ৫৮৭.৭৫ লক্ষ টাকা ।দাপ্তরিক কাজ যথারীতি চলছে। | ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা সমন্বয়ক, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ঘিওর,মানিকগঞ্জ। |
| ১৯ | নির্বাচন বিভাগ ঃ<br>উপজেলা নির্বাচন কর্মকর্তা জানান যে, এ উপজেলার বানিয়াজুরী ইউনিয়নে গত ২৪/০১/২০২১ তারিখ হতে স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণ কার্যক্রম আরম্ভ করা হয়েছে। বানিয়াজুরী ইউনিয়নের স্মার্ট জাতীয় পরিচয়পত্র প্রদান কার্যক্রম সমাপ্ত করা হয়েছে। পর্যায়ক্রমে সকল ইউনিয়নে স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণ করা হবে । বর্তমানে নালি ইউনিয়নে সমার্ট কার্ড বিতরণ কাজ চলছে। বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা নির্বাচন কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ২০ | বিদ্যুৎ বিভাগ ঃ বিভাগীয় কাজ সুষ্ঠু ও সুন্দরভারে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে | ১। ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ঘিওর, মানিকগঞ্জ। |
| ২১ | ইন্সট্রাক্টর উপজেলা রিসোর্স সেন্টার :<br>ইন্সট্রাক্টর উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, তার দাপ্তরিক কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে | ইন্সট্রাক্টর উপজেলা রিসোর্স সেন্টার , ঘিওর, মানিকগঞ্জ। |
| ২২ | স্টেশন অফিসার ফায়ার সার্ভিস সভায় জানান যে, বড় ধরনের কোন দুর্ঘটনা বা অগ্নিকান্ডের ঘটনা ঘটেনি। গুরুত্বপূর্ণ পয়েন্টে রাত্রীকালীন মহড়াসহ এ্যাম্বুলেন্স সেবা অব্যাহত আছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে | স্টেশন অফিসার ফায়ার সার্ভিস, ঘিওর , মানিকগঞ্জ। |
| ২৩ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ঃ<br>ঘিওর উপজেলায় কোভিড-১৯ সুষ্ঠ ও সুন্দরভাবে মোকাবেলা এবং সকল বিভাগের সাথে সমন্বয় করে কাজ করার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঘিওরকে ধন্যবাদ জানান। | | |

| | | | |
|---|---|---|---|
| ২৪ | তথ্য সেবা অধিদপ্তরঃ<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, গ্রামীন মহিলাদের স্বাস্থ্যসেবাসহ বিভিন্ন তথ্যসেবা প্রদান করা হচ্ছে। এপ্রিল,২০২১ মাসে কোন উঠান বৈঠক করা হয়নি। বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ। |
| ২৫ | উপসহকারী প্রকৌশলী বিএডিসি সভায় জানান যে, ২০১৭ সন থেকে নতুনভাবে গভীর নলকূপ স্থাপন কাজ বন্ধ আছে। বর্তমানে অগভীর নলকূপ স্থাপন কাজের ছাড়পত্র প্রদান করা হচ্ছে। কৃষি কাজের সুবিধার্থে পানি নিষ্কাশনের জন্য খাল খনন ও কালভার্ট নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে | উপসহকারী প্রকৌশলী বিএডিসি, ঘিওর, মানিকগঞ্জ। |
| ২৬ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ সভায় জানান যে, এডিপি হতে যে প্রকল্পগুলো গ্রহণ করা হয়েছে তা জরুরীভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন। এছাড়া তারা আরও জানান যে, তাদের নিজ নিজ দাপ্তরিক কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২৭ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ঘিওর, মানিকগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদের সুইপার জনাব রত্না আক্তার দীর্ঘদিন অনুপস্থিত থাকায় অন্য লোক দিয়ে কাজ করে আসছে। লোকটি বয়স্ক হওয়ায় কাজে বিঘ্ন হচ্ছে। তাই পরিষদের পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম ব্যাহত হওয়ায় জনাব রত্না আক্তারকে অব্যাহতি দিয়ে জনাব মোসাঃ লাবনী আক্তার, স্বামীঃ মোঃ জাহাঙ্গীর আলম, সাং- চর বাইলজুরী, ডাকঘরঃ ঘিওর, উপজেলাঃ ঘিওর, জেলাঃ মানিকগঞ্জ তাকে নিয়োগের ব্যাপারে সভায় অলোচনা করা হয়। | বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ঘিওর, মানিকগঞ্জ। |

সভাপতি জনগণের সকল সেবা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাদের অনুরোধ জানান। তিনি সকল বিভাগের সমন্বয়ের মাধ্যমে ঘিওর উপজেলাকে মডেল উপজেলা হিসেবে গড়ে তোলার অভিপ্রায় ব্যক্ত করেন। বাল্য বিবাহ রোধ এবং মাদকমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান। এছাড়া তিনি করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে এ উপজেলার কোন লোক মারা না যাওয়ায় উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্যাণ কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হাবিবুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ঘিওর, মানিকগঞ্জ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক জুম সভা

স্মারক নং ০৫.৩০.৫৬২২.০০০.০৩.০১৮.১৯- /১(৩৫)

তারিখ ঃ ৩১/০৮/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতির জন্য প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঘিওর, মানিকগঞ্জ।
০৫। উপজেলা------------------------------------------------ কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ।
০৬। চেয়ারম্যান ------------------------------------------------ ইউ, পি, ঘিওর, মানিকগঞ্জ।
০৭। জনাব ------------------------------------------------------ ঘিওর, মানিকগঞ্জ।

৩১/০৮/২১

(আইরিন আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
ঘিওর, মানিকগঞ্জ।